জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
গাজীপুর

স্মারক নং ০৫(৪৫২) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০১২/৯৪৭ তারিখ : ০৪/০৮/২০১৩

২০১২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা নভেম্বর ২০১৩ অনুষ্ঠিত হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচী যথাসময়ে ঘোষণা করা হবে। উক্ত পরীক্ষার যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

১। সম্ভাব্য শিক্ষার্থী তালিকা, আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম, বিষয় সংকেত বিবরণী, প্রশ্নপত্রের চাহিদা ফরম সংগ্রহ ও প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) সম্ভাব্য পরীক্ষার্থী তালিকা, আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম, বিষয় সংকেত বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম ও পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(www.nuadmission.com)** দেয়া সফ্টওয়ার থেকে **Print/Download** করতে হবে।

খ) Online এ ডাটা এন্ট্রির জন্য কলেজ প্রোফাইলে লগইন করে User ID এবং Password সংগ্রহ করতে হবে। এ কম্পিউটার ভাইরাস মুক্ত রাখতে বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট কাজ ব্যতীত অন্য কোন কাজ না করার জন্য অনুরোধ করা হলো।

২। আবেদন ফরম, বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম পূরণ ও জমাদান এবং ব্যাংক ড্রাফট করার তারিখ ঃ

ক) আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের তারিখ ঃ ২০/০৮/২০১৩ হতে ০৪/৯/২০১৩ পর্যন্ত

খ) ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ ঃ ০৫/০৯/২০১৩

৩। বিবরণী ফরম, ফি বিবরণী, প্রশ্নপত্রের চাহিদা ও ব্যাংক ড্রাফট জমাদানের শেষ তারিখ ঃ

ক) রাজশাহী, সিলেট ও খুলনা বিভাগ ঃ ০৮/০৯/২০১৩

খ) বরিশাল, রংপুর ও চট্টগ্রাম বিভাগ ঃ ০৯/০৯/২০১৩

গ) ঢাকা বিভাগ ও ঢাকা মহানগর ঃ ১০/০৯/২০১৩

বিবরণী ফরম, ফি বিবরণী, প্রশ্নপত্রের চাহিদা ও ব্যাংক ড্রাফট হাতে হাতে জমা দিতে হবে (নির্ধারিত তারিখে জমা না দিলে প্রতি পরীক্ষার্থী ৫০০/- টাকা হারে জরিমানাসহ ১৫/০৯/২০১৩ মধ্যে এবং প্রতি পরীক্ষার্থী ১০০০/- হারে ২৪/০৯/২০১৩ মধ্যে জমা দিতে পারবে)।

৪। ২০১২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ

ক)	১ম বর্ষ (৪০০ নম্বর) – নিয়মিত/অনিয়মিত	ঃ	৩৫০/-
খ)	(i) ২য় বর্ষ (৪০০ নম্বর) – নিয়মিত/অনিয়মিত	ঃ	৩৫০/- (রোভার স্কাউটিং থাকলে ৫৫৫/- টাকা)
	(ii) ২য় বর্ষ – মানোন্নয়ন (১ম বর্ষসহ)	ঃ	৬৫০/-
গ)	(i) ৩য় বর্ষ (৬০০ নম্বর) – নিয়মিত	ঃ	৯৫০/- (সামরিক বিজ্ঞান থাকলে ১১৫৫/- টাকা এবং ব্যবহারিক ফি প্রতি বিষয়ে ১৩০/- টাকা হারে)
	(ii) ৩য় বর্ষ (নিয়মিত) – মানোন্নয়ন ২য় বর্ষসহ	ঃ	১৩২৫/- (ব্যবহারিক ফি প্রতি বিষয়ে ১৩০/- টাকা হারে)
	(iii) ৩য় বর্ষ (অনিয়মিত/অকৃতকার্য)	ঃ	১০২৫/-
	(iv) ৩য় বর্ষ (বিভাগ উন্নয়ন/এক বিষয় অকৃতকার্য)	ঃ	৫৫০/-
	(v) সার্টিফিকেট কোর্স	ঃ	৬৫০/-
ঘ)	কেন্দ্র ফি - (i) ব্যবহারিক ছাড়া	ঃ	৩০০/-
	- (ii) ব্যবহারিকসহ	ঃ	৩৫০/-

৫। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা নিয়মিত (৪০০ নম্বর) ঃ

i) ২০১১-২০১২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে ইংরেজি আবশ্যিক সহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা অনিয়মিত (৪০০ নম্বর) ঃ

i) ২০১০-২০১১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১১ সালে ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (not promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১০ রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১০, ২০১১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে বা পরীক্ষায় অংশগ্রহণ করেনি সেসব শিক্ষার্থীগণ ২০১২ সালে অনুষ্ঠিতব্য ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য যে এসব শিক্ষার্থীগণকে পরবর্তী ২ বছরের মধ্যে ২য় বর্ষ ও ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে অবশ্যই কৃতকার্য হতে হবে।

iii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে ইংরেজি আবশ্যিক সহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম পত্র পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iv) ১ম বর্ষের নির্ধারিত সব পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

v) ব্যবহারিক সম্বলিত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা ৩য় বর্ষে অনুষ্ঠিত হবে।

গ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৪০০ নম্বর) ঃ

i) ২০১০-২০১১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১১ সালের ১ম বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা বাংলা জাতীয় ভাষা/বিকল্প পত্রসমূহসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) ২০১০-২০১১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১১ সালের ১ম বর্ষ পরীক্ষায় একটি বিষয়/পত্রে অনুপস্থিত থেকে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে, তাদেরকে ২য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত ১ম বর্ষের অনুপস্থিত বিষয়ে/পত্রের পরীক্ষায় **অবশ্যই** অংশগ্রহণ করতে হবে।

iii) ২০১০-২০১১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১১ সালের ১ম বর্ষ পরীক্ষায় কোন বিষয়/পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে, তারা ইচ্ছে করলে ঐ সব বিষয়ে/পত্রে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

iv) ২০১০-২০১১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ২০১১ সালের ১ম বর্ষ পরীক্ষায় ইংরেজি আবশ্যিক বিষয়ে অকৃতকার্য হয়েও ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা ২য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত ইংরেজি আবশ্যিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

v) ২য় বর্ষের নির্ধারিত সব পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

ঘ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৪০০ নম্বর) ঃ

i) ২০০৯-২০১০, ২০০৮-২০০৯ (বিশেষ) ও ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১০, ২০০৯ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১০ ও ২০১১ সালের ১ম বর্ষের পরীক্ষায় উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় বাংলা জাতীয় ভাষা/বিকল্পপত্রসমূহ সহ নৈর্বাচনিক বিষয়গুলোর ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০০৯-২০১০, ২০০৮-২০০৯ (বিশেষ) ও ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১০, ২০০৯ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১০ ও ২০১১ সালের ১ম বর্ষ পরীক্ষায় একটি বিষয়/পত্রে অনুপস্থিত থেকে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে, তাদেরকে ২য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত ১ম বর্ষের অনুপস্থিত বিষয়ে/পত্রের পরীক্ষায় **অবশ্যই** অংশগ্রহণ করতে হবে।

iii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০১০ ও ২০১১ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে সে সব শিক্ষার্থীরা ২০১২ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iv) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১১ সালের পরীক্ষায় কোন বিষয়/পত্রে ৪৫% এর কম নম্বর পেয়ে থাকলে তারা ইচ্ছে করলে ঐসব বিষয়ে/পত্রে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

v) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ইংরেজি আবশ্যিক বিষয়ে অকৃতকার্য হয়ে থাকলে ২০১২ সালের ২য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত ইংরেজি আবশ্যিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

vi) ব্যবহারিক সম্বলিত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা ৩য় বর্ষে অনুষ্ঠিত হবে।

ঙ) ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৬০০ নম্বর) ঃ

i) ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১০ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১১ সালের ২য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ (Promoted) হয়েছে, সে সকল শিক্ষার্থী এ পরীক্ষায় প্রতিটি নৈর্বাচনিক বিষয়ের ৩য় ও ৪র্থ পত্রে অংশগ্রহণ করবে।

ii) ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১০ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১১ সালের ২য় বর্ষ পরীক্ষায় এক বিষয়/পত্রে অনুপস্থিত থেকে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে তাদেরকে ৩য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত অনুপস্থিত বিষয়ের পরীক্ষায় **অবশ্যই** অংশগ্রহণ করতে হবে।

iii) ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১০ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১১ সালের পরীক্ষায় ২য় বর্ষ হতে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়ে ৪৫% এর কম নম্বর পেয়েছে তারা ইচ্ছে করলে ঐ সব পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iv) ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১০ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১১ সালের ইংরেজি আবশ্যিক ও বাংলা জাতীয় ভাষা/বিকল্পপত্রসমূহ বিষয়ের যে কোন একটিতে অথবা উভয়টিতে অকৃতকার্য হয়ে থাকলে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

v) এ সকল শিক্ষার্থীদের ব্যবহারিক সম্বলিত বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

vi) ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় নির্ধারিত সকল বিষয়ে/পত্রে অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

চ) ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৬০০ নম্বর) ঃ

i) ২০০৮-২০০৯ (বিশেষ), ২০০৭-২০০৮ ও ২০০৬-২০০৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০০৯, ২০০৮ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী, ২০১০, ২০০৯, ২০০৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষ হতে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা ২০১২ সালের পরীক্ষায় প্রতিটি নৈর্বাচনিক বিষয়ের ৩য় ও ৪র্থ পত্রে অংশগ্রহণ করবে।

ii) ২০০৮-২০০৯ (বিশেষ), ২০০৭-২০০৮ ও ২০০৬-২০০৭ শিক্ষাবর্ষের ও ২০০৯, ২০০৮ রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১১ সালের ২য় বর্ষ পরীক্ষায় এক বিষয়/পত্রে অনুপস্থিত থেকে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে তাদেরকে ৩য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত অনুপস্থিত বিষয়ের পরীক্ষায় **অবশ্যই** অংশগ্রহণ করতে হবে।

iii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১১ সালের পরীক্ষায় কোন বিষয়/পত্রে ৪৫% এর কম নম্বর পেয়ে থাকলে ঐসব বিষয়ে/পত্রে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

iv) উপরোক্ত শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী ইংরেজি আবশ্যিক ও বাংলা জাতীয় ভাষা/বিকল্পপত্রসমূহ বিষয়ের যে কোন একটিতে অথবা উভয়টিতে অকৃতকার্য হয়ে থাকলে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

v) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০১১ সালে ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য (অকৃতকার্য, অনুপস্থিত) হয়েছে তারা এ পরীক্ষায় অকৃতকার্য বিষয়, অনুপস্থিত বিষয়সমূহে (৩য় ও ৪র্থ পত্র) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে তার ফলাফল উভয় বর্ষের নম্বরের মধ্যে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের (পিক-আপ) ভিত্তিতে ফলাফল নির্ধারণ করা হবে।

vi) উপরোক্ত শিক্ষাবর্ষের ৩য় বর্ষের পরীক্ষা শেষে ব্যবহারিক সম্বলিত পত্রে তত্ত্বীয় বিষয় অকৃতকার্য হলে তত্ত্বীয় পত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং ব্যবহারিক পরীক্ষায় অকৃতকার্য হলে ব্যবহারিক পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

ছ) ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (বিভাগ উন্নয়ন) ঃ

i) ২০১১ সালের ডিগ্রী পাস পরীক্ষায় অংশগ্রহণ করে শুধুমাত্র ৩য় বিভাগ/পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা (রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে) ইচ্ছে করলে ২০১২ সালের ডিগ্রী পাস পরীক্ষার সাথে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে তার ফলাফল উভয় বর্ষের নম্বরের মধ্যে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের (পিক-আপ) ভিত্তিতে ফলাফল নির্ধারণ করা হবে।

ii) এ সব শিক্ষার্থী শুধুমাত্র ৩য় বর্ষের জন্য (৩য় ও ৪র্থ পত্র) নির্ধারিত এক বা একাধিক পত্রে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে। এ ক্ষেত্রে ৪৫% এর অধিক নম্বর পেলেও মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) মানোন্নয়ন শিক্ষার্থীদের ফরম পূরণের সময় মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র সংশ্লিষ্ট কলেজে অবশ্যই জমা নিতে হবে। মানোন্নয়ন না হলে জমাকৃত মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র ফলাফল প্রকাশের ০২ (দুই) মাসের মধ্যে কলেজ কর্তৃপক্ষকে অবশ্যই পরীক্ষার্থীর নিকট ফেরত দিতে হবে। তবে মানোন্নয়ন হলে সাময়িক সনদপত্র ও নম্বরপত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় ৫০০/- (পাঁচশত) টাকাসহ (প্রতি পরীক্ষার্থী) জমা দান পূর্বক নতুন সনদ ও নম্বরপত্র গ্রহণ করতে হবে।

iv) মানোন্নয়ন পরীক্ষার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না পূর্বের প্রাপ্ত ব্যবহারিক নম্বর বহাল থাকবে।

জ) **রেজিস্ট্রেশন নবায়ন ঃ**

২০০৫-২০০৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ২০০৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে শুধুমাত্র এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন (ফি-২০০০/-) করে ২০১২ সালের পরীক্ষায় শুধুমাত্র অকৃতকার্য এক বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

৬। সার্টিফিকেট কোর্স পরীক্ষা (৪০০ নম্বর) ঃ

i) ২০১১ এবং ২০১২ সালের সার্টিফিকেট কোর্সে রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষ, ২য় বর্ষ ও ৩য় বর্ষের পরীক্ষার সাথে ৪০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ১ম, ২য়, ৩য় ও ৪র্থ পত্রে ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৭। <u>সামরিক বিজ্ঞান পরীক্ষা</u> ঃ

i) ২০০৯-২০১০, ২০০৮-২০০৯ (বিশেষ) শিক্ষাবর্ষের ডিগ্রী পাস কোর্সের শিক্ষার্থীরা ২০১২ সালের সামরিক বিজ্ঞান বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) অনার্স ২য় বর্ষের (২০১০-২০১১ শিক্ষাবর্ষ) শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে। এ সকল শিক্ষার্থীদেরকে ডিগ্রী পাস কোর্সের পরীক্ষার ফরম পূরণের সাথে সামরিক বিজ্ঞান বিষয়ের নির্ধারিত ফি প্রদান পূর্বক আবেদন ফরম পূরণ করতে হবে।

iii) এ সকল শিক্ষার্থীদের রেজিঃ কার্ডে সামরিক বিজ্ঞান বিষয়ের কোড উল্লেখ থাকতে হবে।

৮। <u>রোভার স্কাউটিং পরীক্ষা</u> ঃ

i) ২০১০-২০১১ শিক্ষাবর্ষের ডিগ্রী পাস কোর্সের ২য় বর্ষের শিক্ষার্থীরা রোভার স্কাউটিং পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) অনার্স ২য় বর্ষের (২০১০-২০১১ শিক্ষাবর্ষ) শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ সকল শিক্ষার্থীকে ডিগ্রী পাস কোর্সের পরীক্ষার ফরম পূরণের সাথে রোভার স্কাউটিং বিষয়ের নির্ধারিত ফি প্রদান পূর্বক আবেদন ফরম পূরণ করতে হবে।

iii) রোভার স্কাউটিং পরীক্ষায় অংশগ্রহণকারী প্রত্যেক শিক্ষার্থীকে আরএসসি-পি পরীক্ষায় পাসের প্রত্যয়নপত্র পরীক্ষার আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

iv) এই সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে রোভার স্কাউটিং কোড উল্লেখ থাকতে হবে।

৯। <u>আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য)</u> ঃ

ক) শিক্ষার্থীগণ আবেদন ফরম ও রেজিস্ট্রেশন বিবরণী সংশ্লিষ্ট কলেজ থেকে সংগ্রহ করার পর রেজিস্ট্রেশন কার্ড বিবরণী অনুযায়ী স্ব-হস্তে পূরণ করে কলেজে জমা দিবে।

খ) আবেদন ফরম পূরণের সময় সম্ভাব্য শিক্ষার্থী তালিকায় প্রদত্ত বিষয় কোড ব্যবহার করতে হবে।

গ) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

ঘ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

ঙ) অনিয়মিত শিক্ষার্থীদের পূর্ববর্তী বছরের প্রবেশপত্র আবেদন ফরমের সাথে দিতে হবে।

১০। <u>আবেদন ফরম, বিবরণী ফরম, ফি বিবরণী ফরম পূরণ (কলেজের জন্য)</u> ঃ

ক) নির্ধারিত ওয়েব-সাইটে **(www.nuadmission.com)** প্রবেশ করে User ID & Password দিয়ে লগইন করতে হবে। তারপর রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি (টাইপ) করলে শিক্ষার্থীর পূর্ণাঙ্গ ডাটা ভেসে উঠবে। শুধু মাত্র মানোন্নয়ন বিষয়গুলোর ঘর পূরণ করতে হবে। উল্লেখ্য মানোন্নয়নের বিষয়গুলো সফটওয়্যারে দেখা যাবে। তবে ঐ বিষয়গুলো ছাড়া অন্য বিষয়ে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে না। যদি কোন বৈধ শিক্ষার্থীর ডাটা ওয়েব-সাইটে না থাকে সেক্ষেত্রে শিক্ষার্থীর কাগজপত্র যাচাই পূর্বক বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পাস শাখায় যোগাযোগ করে ওয়েব-সাইটে নাম অন্তর্ভূক্ত করতে হবে। ওয়েব-সাইটে ডাটা নেই এমন কোন শিক্ষার্থীকে প্রবেশপত্র সরবরাহ করা হবে না। বিশ্ববিদ্যালয়ের অনুমতি ব্যতিরেকে এধরনের কোন পরীক্ষার্থীর আবেদন ফরম পূরণ করা যাবে না।

খ) রেজিস্ট্রেশন কার্ডে রোভার স্কাউটিং/সামরিক বিজ্ঞান বিষয় থাকলে উক্ত বিষয় কোড ও সফটওয়্যার এন্ট্রি করতে হবে।

গ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

ঘ) শিক্ষার্থীর ডাটা সফটওয়্যারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা Online এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরী বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

ঙ) কলেজের সকল শিক্ষার্থীর ডাটা পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করার পর সংশ্লিষ্ট ওয়েব-সাইট থেকে Print করতে হবে এবং যথানিয়মে বিবরণী, ফি বিবরণী ও প্রশ্নপত্রের চাহিদা ডিগ্রী পাস শাখায় জমা দিতে হবে।

চ) পূরণকৃত আবেদন ফরমের সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তা কলেজে সীল গালা অবস্থায় (এ সমস্ত কাগজপত্র ফরম পূরণের পর থেকে ফলাফল প্রকাশের পর ছয় মাস পর্যন্ত) সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে।

ছ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য মোবাইল নং - ০১৭১৫-৬৯৮৮৫২, ০১৯৬০-৪০৩৭৩৫, ০১৭১৫-৬৯৮৮৫২, ০২-৯২৯১০১৭ এবং ০২-৯২৯১০৩৮ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

জ) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সদস্যদের নাম ও মোবাইল নম্বর সম্বলিত তালিকা বিবরণী ফরম, ফি বিবরণী ফরম জমার সময় সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

১১। <u>বিবরণী ফরম তৈরি ও জমা</u> ঃ

ক) বিবরণী ফরম বর্ষওয়ারী অনুযায়ী আলাদা আলাদা সংশ্লিষ্ট ওয়েব-সাইট থেকে প্রিন্ট করে পরীক্ষা বিভাগের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

খ) সকল প্রকার ফি-এর ব্যাংক ড্রাফট **''রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়'' গাজীপুর**-এর অনুকূলে করতে হবে এবং ''সোনালী ব্যাংক জাতীয় বিশ্ববিদ্যালয় শাখায় প্রদেয়'' কথাটি উল্লেখ করতে হবে। ব্যাংক ড্রাফট জমাদানের পূর্বে ড্রাফটের অপর পৃষ্ঠায় অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক সীল মোহরসহ স্বাক্ষর করতে হবে।

গ) কলেজের সকল শিক্ষার্থীর জন্য একই ব্যাংক ড্রাফটে ফি জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত চালান ফরমে ব্যাংক ড্রাফটের বিবরণ লিখে অর্থ ও হিসাব শাখায় জমা দিতে হবে।

ঘ) ০১ (এক) কপি ফি বিবরণী ফরম (অর্থ ও হিসাব শাখায় জমাকৃত চালানের ফটোকপিসহ) সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

১২। <u>প্রবেশপত্র সংশোধন</u> ঃ

ক) বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মুদ্রিত প্রবেশপত্র কোন ক্রমেই কাটাকাটি বা সংশোধন করা যাবে না। প্রবেশপত্রে যদি কোন ভুল থাকে তবে তা সংশোধনের জন্য আনুষঙ্গিক কাগজপত্র সহ ডিগ্রী পাস শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-এর সাথে যোগাযোগ করতে হবে।

খ) **রেজিস্ট্রেশন কার্ডে নতুন বিষয় কোড অনুযায়ী ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

১৩। <u>প্রশ্নপত্রের চাহিদা</u> ঃ

ক) বিষয়ওয়ারী প্রশ্নপত্রের চাহিদা উল্লেখপূর্বক ''প্রশ্নপত্রের চাহিদা বিবরণী'' যথাযথভাবে পূরণ করে অবশ্যই জমা দিতে হবে।

খ) প্রশ্নপত্রের চাহিদা সঠিকভাবে প্রদান করতে হবে। চাহিদা পত্রে ভুল তথ্য প্রদানের ফলে প্রশ্নপত্রের ঘাটতি হলে তার দায়-দায়িত্ব বিশ্ববিদ্যালয় বহন করবে না।

১৪। <u>পরীক্ষা পরিচালনার খরচ</u> ঃ

কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্র গ্রহণ করার প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে নির্বাহ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না। কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ৬০% কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষানুষ্ঠানের ০৩ দিন পূর্বেই জমা দিতে হবে। অবশিষ্ট ৪০% অর্থ দ্বারা সংশ্লিষ্ট কলেজের পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে।

১৫। রেগুলেশন ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেগুলেশন অনুযায়ী এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৬। সিলেবাস (নিম্নে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হবে) ঃ

২০১২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৭। কলেজ অধিভুক্তি ঃ

কলেজ অধিভুক্তি/অধিভুক্তি নবায়নের চিঠি সংশ্লিষ্ট শাখায় জমা সাপেক্ষে বিবরণী ফরম গ্রহণ করা হবে। অন্যথায় গ্রহণ করা হবে না।

১৮। পরীক্ষার সময়সূচী ও কেন্দ্র তালিকা ঃ

পরীক্ষার বিস্তারিত সময়সূচী ও কেন্দ্র তালিকা যথাসময়ে ঘোষণা করা হবে।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন : ৯২৯১০১৭ (অফিস)

স্মারক নং ০৫(৪৫২) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০১২/৯৪৭ তারিখ : ০৪/০৮/২০১৩

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ

১। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। পরিচালক, আই সি টি ও কম্পিউটার ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর, সদর দপ্তর, উত্তরা, ঢাকা
৭। সম্পাদক, বাংলাদেশ স্কাউট, রোভার অঞ্চল, কাকরাইল, ঢাকা
৮। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী (পাস) পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
৯। অফিস কপি

স্বাক্ষরিত
(মোহাম্মদ হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
মোবাঃ ০১৭১৫-৬৯৮৮৫২
ফোন : ৯২৯১০৩৮ (অফিস)